অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আপস্টেট নিউ ইয়র্কে চাহিদা সাপেক্ষে প্রদত্ত ট্রানজিট বিকল্প গঠন ও পরিচালনায় সাহায্য করার জন্য এখন 8 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

উদ্ভাবনী সচলতা উদ্যোগ রাইডারদের জন্য ট্রানজিট বিকল্প সম্প্রসারিত করবে

নতুন সেবা ট্রানজিট রাইডারদের জন্য বিকল্প নিরাপত্তা, অ্যাক্সেসিবিলিটি এবং ক্রয়ক্ষমতা সম্প্রসারিত করবে এবং জলবায়ু আইনের লক্ষ্যকে সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আপস্টেট নিউ ইয়র্কের স্থানীয় সম্প্রদায়সমূহে মাইক্রোট্রানজিট এবং অন্যান্য চাহিদা সাপেক্ষে প্রদত্ত পরিবহন বিকল্প গঠন ও পরিচালনা করার জন্য এখন 8 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য রয়েছে। তহবিলটি গভর্নর হোকলের যুগান্তকারী উদ্ভাবনী সচলতা উদ্যোগের (Innovative Mobility Initiative) অংশ এবং সেবার এলাকা সম্প্রসারণ করা এবং আরো বৃহত্তর ভৌগলিক অবস্থানে নিরাপদ ও সাশ্রয়ী ট্রানজিট বিকল্পকে অ্যাক্সেসিবল করার জন্য উদ্ভাবনী পন্থাসম্পন্ন যোগ্য ট্রানজিট অপারেটরদের জন্য একটি প্রতিযোগিতামূলক আবেদনের অনুরোধের মাধ্যমে এই তহবিল উপলভ্য করা হবে।জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে এবং গণপরিবহনের বর্ধিত ব্যবহারের ব্যবস্থা করার মাধ্যমে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে গভর্নর হোকলের দেশসেরা এজেন্ডাকে এই উদ্যোগটি সমর্থন করে।

"ট্রানজিট ব্যবহারকারীদের যেখানে যাওয়া প্রয়োজন সেখানে যাওয়ার একটি নিরাপদ, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিকল্প প্রদান করার মধ্যমে আমরা জীবনযাত্রার মান উন্নত করছি, আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখছি এবং স্থানীয় সম্প্রদায়সমূহকে বলীয়ান করছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহের বিকাশ ও সমৃদ্ধিতে সাহায্য করার জন্য আমাদের পরিবহন ব্যবস্থার আধুনিকায়ন এবং যাত্রীদের আরো বিকল্প ও উত্তম সেবা প্রদান করার আমাদের অব্যাহত প্রয়াসের অনুবর্তী এই তহবিল।"

গভর্নর হোকলের 2023 স্টেট অফ দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে ঘোষিত উদ্ভাবনী সচলতা উদ্যোগটি নতুন ট্রানজিট বিকল্প বা প্রযুক্তিগত পণ্য তৈরির মাধ্যমে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) বহির্ভূত কর্তৃপক্ষসমূহকে সেবার সুযোগ সম্প্রসারিত করা এবং গতানুগতিক ট্রানজিট ব্যবহারে অসুবিধার সম্মুখীন হয় এমন যাত্রীদের সমর্থন করার জন্য তহবিল প্রদান করে। নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York

State Department of Transportation, NYSDOT) কর্তৃক পরিচালিত এই উদ্যোগটি একক যাত্রীর যানবাহনের পরিবহন হ্রাস করার মাধ্যমে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে গভর্নর হোকলের দেশসেরা এজেন্ডা এবং জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যসমূহকে সমর্থন করে।

স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট সকল ব্যবহারকারীর জন্য পরিবহনকে আরো উপলভ্য ও সাশ্রয়ী করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ, এবং উদ্ভাবন এবং মানুষের যেখানে যেভাবে প্রয়োজন সেভাবেই তাদের কাছে গণপরিবহন সেবা পৌঁছে দিতে সাহায্য করার মাধ্যমে আমরা ঠিক তাই করছি। চাহিদা সাপেক্ষে প্রদত্ত সেবাসহ অ্যাক্সেসিবল, নিরাপদ ও নির্ভরযোগ্য নতুন, সচলতা বিকল্প প্রদান করার মাধ্যমে পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে ট্রানজিট অপারেটরদেরকে নিজ নিজ এলাকায় আরো উত্তম সেবা প্রদান করতে এই বিনিয়োগগুলি সাহায্য করবে।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "একটি সমৃদ্ধ সম্প্রদায়ের জন্য নিরাপদ, সাশ্রয়ী এবং অ্যাক্সেসিবল পরিবহনের সুযোগ নিশ্চিত করা অত্যাবশ্যকীয়। এটিকে বাস্তব করার ক্ষেত্রে রচেস্টার ইতিমধ্যে নেতৃত্ব দিচ্ছে, এবং এই স্টেটব্যাপী উদ্যোগটি আমাদের গণপরিবহন অবকাঠামোকে আরো বলীয়ান করতে সাহায্য করবে এবং একই সাথে আমাদেরকে সবুজ অর্থনীতির ভবিষ্যতের আরো কাছে নিয়ে যাবে। উদ্ভাবনী সচলতা বৃদ্ধি করার ক্ষেত্রে গভর্নরের প্রয়াস এবং আপস্টেট নিউ ইয়র্ককে সমর্থন করার ব্যাপারে তার দীর্ঘদিনের প্রতিশ্রুতির জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "মাইক্রো এবং চাহিদা সাপেক্ষে প্রদত্ত ট্রানজিট আজকের ৪ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগটি আপস্টেট নিউ ইয়র্কবাসীর জন্য অনেক কিছু বদলে দিবে যারা মুদি দোকান, অ্যাপয়েন্টমেন্ট, এবং পরিবার ও বন্ধুদের সাথে দেখা করতে যাওয়ার জন্য গণপরিবহনের উপর নির্ভর করে। সকল আকারের সম্প্রদায়ের জন্য ট্রানজিটকে আরো অ্যাক্সেসিবল করার ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ, যা সুযোগের অ্যাক্সেস বৃদ্ধি করবে এবং যাত্রীদের, বিশেষ করে অক্ষমতাসহ যাত্রীদের আরো স্বাধীনতা প্রদান করবে। গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, ট্রানজিটকে আরো আকর্ষণীয় বিকল্প করা হলে তা আমাদের রাস্তা থেকে গাড়ি অপসারণ করবে যার ফলে দূষণ হ্রাস পাবে এবং নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে আরো সবুজ ও স্বাস্থ্যকর করবে।"

নতুন মাইক্রোট্রানজিট বা অন্যান্য চাহিদা সাপেক্ষে প্রদত্ত ট্রানজিট বিকল্প গঠন সংক্রান্ত মূলধন ও পরিচালনা ব্যয় পরিশোধ করার জন্য যোগ্য ট্রানজিট অপারেটরদের জন্য এই প্রতিযোগিতামূলক আবেদনের অনুরোধের মাধ্যমে 3 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত উদ্ভাবনী সচলতা উদ্যোগ তহবিল উপলভ্য করা হচ্ছে। পাশাপাশি, ফেডারেল কার্বন হ্রাস কর্মসূচি (Carbon Reduction Program, CRP) থেকে NYSDOT এর প্রাপ্ত বরাদ্দ থেকে মূলধন ব্যয়ের জন্য আরো 5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হয়েছে।

আপস্টেট ট্রানজিট কর্তৃপক্ষসমূহ এবং ওয়েস্টচেস্টার, নাসাউ, এবং সাফোক কাউন্টিকে তাদের সেবা এলাকায় মাইক্রোট্রানজিট পাইলট প্রকল্পের জন্য প্রদত্ত 16 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিলের সাথে এই তহবিলটি সংযোজিত হবে।

মাইক্রোট্রানজিট সেবা অর্থ হলো একটি অ্যাক্সেসিবল বহুযাত্রীর যানবাহন দ্বারা পরিবহন যা ব্যক্তিগত চাহিদার সাড়াদান করতে একটি ডিজিটাল নেটওয়ার্ক বা সফটওয়্যার অ্যাপ্লিকেশন ব্যবহার করে চাহিদা সাপেক্ষে সেবাদান করে। এটি স্টেটের গণপরিবহন ব্যবস্থার শূন্যস্থান পূরণ করতে পারবে, সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে সেবা নিয়ে আসতে পারে, প্রথম মাইল/শেষ মাইল সংযোগ উন্নত করতে, এবং/অথবা আরো বেশি ব্যাপ্তির জনগণের জন্য ট্রানজিটকে আরো সম্ভব একটি বিকল্পে পরিণত করতে পারে।4 সেপ্টেম্বর, 2024 তারিখের পর আর আবেদন গ্রহণ করা হবে না এবং InnovativeMobilityCRP@dot.ny.gov এ আবেদন অবশ্যই জমা দিতে হবে। NYSDOT এর ওয়েবসাইটে আরো তথ্য পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন